উপজেলা পরিষদ কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ

তাড়াইল উপজেলা মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ জহিরুল ইসলাম ভুঞা চেয়ারম্যান উপজেলা পরিষদ তাড়াইল, কিশোরগঞ্জ।
সভার স্থান	:	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাড়াইল, কিশোরগঞ্জ।
সভার তারিখ	:	১৬/০৬/২০২২ খ্রি.।
সভার সময়	:	বেলা- ১১.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক' তে প্রদর্শিত হলো।

সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ গত ৩১/০৫/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে পর্যালোচনা করা হয় এবং সকলকে কার্যসূচী অনুযায়ী আলোচনা করার আহ্বান জানানো হয়। উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সকল উপস্থিত সদস্যবৃন্দ তাদের স্ব-স্ব বিভাগের কার্যক্রম সম্পর্কে বক্তব্য উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন বিভাগের কার্যক্রমের উপর নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১. স্বাস্থ্য বিভাগ-		
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি জানান, মাতৃ ও শিশু মৃত্যুহ'র রোধকল্পে তাড়াইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ সিজারিয়ান ডেলিভারি শুরু হয়েছে। উপজেলা সার্বিক স্বাস্থ্য সেবা প্রদানে মে/২০২২ মাসে উপজেলা র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশে ৩৫ তম এবং কিশোরগঞ্জ জেলা প্রথম হয়েছে। হাসপাতালের দেয়াল ভেঙ্গে পেছনের রাস্তা জরুরী বিভাগের সন্মুখের রাস্তার সাথে সংযোগ হওয়ায় বহিরাগত লোকজন চলাচলের কারণে হাসপাতালের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। তাড়াইল উপজেলায় ভিটামিন 'এ' ক্যাম্পেইন কার্যক্রম সফলভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করা হয়। ক্যাম্পেইনে ২৬০০০ হাজার শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে।	১. হাসপাতালের জরুরী বিভাগের সন্মুখের রাস্তাটি পরিদর্শন শেষে একটি সমন্বিত কার্যক্রম গ্রহণ করতে হবে। ২. কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রমসহ ভিটামিন 'এ' ক্যাম্পেইন কার্যক্রম সরকারের নির্দেশনানুযায়ী সফলভাবে সম্পন্ন করতে হবে। ।	১. উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল ২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা তাড়াইল, কিশোরগঞ্জ ৩। অফিসার-ইন-চার্জ তাড়াইল থানা ৪। ইউপি চেয়ারম্যান, তাড়াইল-সাচাইল ইউ.পি, তাড়াইল
২. কৃষি বিভাগ-		
উপজেলা কৃষি অফিসার জানান, এ উপজেলায় ২০২১-২২ খরিফ-১ মৌসুমে আউশ আবাদ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। গত বছরের তুলনায় ৫ হেঃ বৃদ্ধি পেয়েছে। এ বছর আউশ আবাদ ৩৫ হেঃ। গ্রীষ্মকালীন শাক-সবজির আবাদ চলমান। বর্তমানে রাসায়নিক-সার, বীজ ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন প্রকার সংকট নেই।	২০২১-২২ খরিফ-১ মৌসুমে আউশ আবাদ অনুযায়ী উৎপাদন শতভাগ অর্জনে তদারকি অব্যাহত রাখতে হবে।	উপজেলা কৃষি অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ
৩. প্রাণিসম্পদ বিভাগ-		
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, জুন/২০২২ মাসে এ বিভাগ হতে সরকারিভাবে ১২,৭৩৩টি গবাদি পশু ও হাঁস-মুরগীকে চিকিৎসা প্রদান করা হয়। টিকা প্রদান সম্প্রসারণ (গবাদি পশু ও হাঁস-মুরগী) সংখ্যা- ১,০২,২০০টি ও কৃত্রিমপ্রজনন সম্প্রসারণ সংখ্যা- ১০৬৬টি। দুধ, মাংস, ও ডিম উৎপাদনসহ খামারী প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান। তিনি আরো বলেন, ''হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন" প্রকল্পের আওতায় ৩৬৬ জন মুরগীপালন সুফলভোগীর মাঝে ৩৬৬টি মুরগী ঘর, ৫৪৯০টি মুরগী এবং ১৮৩০০ কেজি মুরগির খাদ্য বিতরণ করা হয়েছে।	উন্নয়নমূলক কার্যক্রম নীতিমালার আলোকে জনপ্রতিনিধিদের অংশগ্রহণে সম্পন্ন করতে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার তাড়াইল, কিশোরগঞ্জ

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ-		
উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাড়াইল জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি বিশেষ) ২০২১-২২ এর আওতায় গৃহীত প্রকল্প সমূহের টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে। তিনি বলেন, পাহাড়ী ঢল ও বৃষ্টিপাতের কারণে এলজিইডি, তাড়াইল এর অধিকাংশ রাস্তা নিমজ্জিত থাকায় রাস্তার ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়েছে। জলাবদ্ধতার কারণে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা কিছুটা ব্যাহত হচ্ছে মর্মে সভাকে জানানো হয়।	২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি বিশেষ) আওতায় গৃহীত প্রকল্পসমূহ বন্যার পানি নেমে যাওয়ার পর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল ও ২. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাড়াইল
৫. শিক্ষা বিভাগ-		
উপজেলা শিক্ষা অফিসার, তাড়াইল বলেন যে, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব আন্ত:প্রাথমিক ফুটবল প্রতিযোগিতা/২০২২ আগামী ১৮/০৬/২০২২ খ্রি. থেকে ইউনিয়ন পর্যায়ে আয়োজিত হবে এবং উপজেলা পর্যায়ের খেলা ৪ দিন ব্যাপী (২০-২৩/০৬/২০২২ খ্রি) তাড়াইল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে আয়োজিত হবে। উক্ত ফুটবল প্রতিযোগিতা আয়োজনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। তিনি আরো বলেন, বিভাগীয় আন্ত:প্রাথমিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা/২০২২ এর জেলা পর্যায়ে তাড়াইল উপজেলার শিক্ষার্থীরা বিভিন্ন ইভেন্টে গৌরব অর্জন করেছে।	বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব আন্ত:প্রাথমিক ফুটবল প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে আয়োজনে সংশ্লিষ্ট সকলের উপস্থিতি ও সহযোগিতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, তাড়াইল
৬. মৎস্য বিভাগ-		
উপজেলা মৎস্য অফিসার, তাড়াইল জানান, এ উপজেলায় রাজস্ব ও উন্নয়ন প্রকল্পের আওতায় স্থাপিত ০৬টি বিলে নার্সারি স্থাপন হয়েছে। এ থেকে উৎপাদিত পোনা বিভিন্ন বিলে অবমুক্ত করা হয়েছে। ৩৩টি প্রদর্শনী পুকুরের মধ্যে ১৭টির বাস্তবায়ন করা হয়েছে এবং ১৫টির বাস্তবায়ন কাজ চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়া মৎস্যচাষীদের প্রশিক্ষণ প্রদান ও মৎস্য আইন বাস্তবায়ন কার্যক্রম এবং নির্বিকারে মৎস্য নিধন বন্ধে নিয়মিত মাইকিং করা, সচেতনতামূলক সভা ও লিফলেট বিতরণ করা হচ্ছে মর্মে সভাকে জানানো হয়।	বিল নার্সারি স্থাপন এবং প্রদর্শনী পুকুর স্থাপন কার্যক্রমসহ সংশ্লিষ্ট সকল কার্যক্রম তদারকি অব্যাহত রাখতে হবে।	উপজেলা মৎস্য অফিসার, তাড়াইল
৭. পরিবার পরিকল্পনা বিভাগ-		
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাড়াইল জানান যে, দপ্তর কার্যক্রমের অংশ হিসেবে মে/২২ মাসে ০৯ জন স্থায়ী পদ্ধতি, ২১ জন ইমপ্লানন এবং ১৪ জন আইইউডি গ্রহণ এবং অস্থায়ী পদ্ধতির বিভিন্ন ধরণের সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ১৮২৪ জন গর্ভবতী মহিলাকে স্বাস্থ্য সেবা ও ৭৪ জন মহিলাকে প্রসব সেবা প্রদান করা হয়েছে। ৩৬টি স্যাটেলাইট ক্লিনিক ও ৪টি এফডাব্লিওসি এর মাধ্যমে স্বাস্থ্য বিষয়ক সেবা প্রদান অব্যঅহত আছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার তাড়াইল, কিশোরগঞ্জ
৮. যুব উন্নয়ন বিভাগ-		
কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল
৯. পল্লী উন্নয়ন বিভাগ-		
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাড়াইল বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে। খেলাপী ঋণ আদায়ের নিমিত্ত ঋণ খেলাপী সদস্যদের উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে নোটিশ প্রদান করা হয়েছে। ক্র্যাশ প্রোগ্রাম কার্যক্রম চলমান আছে মর্মে সভাকে অবহিত করা হয়।	ঋণ আদায় কার্যক্রম বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ

১০. সমবায় বিভাগ-		
আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
উপজেলা সমবায় অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। তিনি এ বছর হজ পালনের জন্য সৌদি আরবের উদ্দেশ্যে রওয়ানা হবেন। এ জন্য সভার সকল সদস্যের নিকট দোয়াপ্রার্থী হয়েছেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা, তাড়াইল
১১. প্রকল্প বাস্তবায়ন বিভাগ-		
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাড়াইল বলেন, এ উপজেলায় টি আর ২য় (সাধারণ) কাজ চলমান, টি আর ২য় (নির্বাচনী) ৮২টি কাজ চলমান এবং টি আর ৩য় (উপজেলা) ৮টি কাজ অনুমোদনের জন্য জেলায় প্রেরণ করা হয়েছে। বন্যা আশ্রয় কেন্দ্র দুটির কাজ চলমান মর্মে সভাকে অবহিত করা হয়।	বিভিন্ন প্রকল্পের কাজ সরকারি নীতিমালা অনুযায়ী গুণগত মান বজায় রেখে যথাসময়ে সমাপ্ত করতে হবে।	১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ ও ২। ইউপিঃ চেয়ারম্যান (সকল), তাড়াইল
১২. মহিলা বিষয়ক বিভাগ-		
কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাড়াইল
১৩. জনস্বাস্থ্য বিভাগ-		
কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, তাড়াইল
১৪. মাধ্যমিক শিক্ষা বিভাগ-		
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, আগামী ১৯ জুন, ২০২২ খ্রি. তারিখে এস,এস,সি পরীক্ষা-২০২২ অনুষ্ঠিত হবে। তিনি পরীক্ষা চলাকালীন আসা-যাওয়ার রাস্তায় মেয়ে পরীক্ষার্থীদের বখাটে ছেলেরা উত্যক্ত করার বিষয়টি দেখভাল করতে সংশ্লিষ্টদের অনুরোধ করেন। সভায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তার ইউনিয়নে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানে অনুদান হিসেবে বিভিন্ন খেলার সামগ্রী বিতরণের প্রস্তাবকরণসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসকক্ষ, শিশু পার্ক ও উপজেলা পরিষদ মসজিদ সংলগ্ন পুকুরটি সংস্কারের জন্য অনুরোধ জানানো হয়।	এস,এস,সি পরীক্ষা-২০২২ চলাকালীন আসা-যাওয়ার রাস্তায় মেয়ে পরীক্ষার্থীদের বখাটে ছেলেদের দ্বারা উত্যক্তার স্বীকার না হওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে।	১। অফিসার-ইন-চার্জ তাড়াইল থানা ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাড়াইল ও ৩। ইউপি চেয়ারম্যান, তাড়াইল-সাচাইল ইউ.পি, তাড়াইল, কিশোরগঞ্জ
১৫. ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টার-		
কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তাড়াইল
১৬. পল্লী সঞ্চয় ব্যাংক (বিলুপ্ত আমার বাড়ি আমার খামার প্রকল্প)-		
শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তাড়াইল শাখা জানান, ২০২১-২০২২ অর্থ বছরে মে/২২ পর্যন্ত ঋন আদায় ৪৮৯.৪৪ (চার কোটি উননব্বই লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা এবং সঞ্চয় আদায় ৩৩.৪২ (তেত্রিশ লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা। পল্লী সঞ্চয় ব্যাংক পিএসবি মাসিক সঞ্চয় স্কীম চালু করা হয়েছে। মাসিক জমার পরিমাণ যথাক্রমে ১০০/-, ২০০/-, ৩০০/-, ৪০০/-, ৫০০/-, ১,০০০/-, ১,৫০০/-, ২,৫০০/-, ৩,০০০/- এবং মুনাফার হার ৭% মর্মে সভাকে অবহিত করা হয়।	ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। সরকারি নীতিমালা অনুযায়ী পিএসবি মাসিক সঞ্চয় স্কীম কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক (বিলুপ্ত আমার বাড়ি আমার খামার প্রকল্প), তাড়াইল
১৭. উপজেলা সমাজসেবা বিভাগ-		
উপজেলা সমাজসেবা অফিসার, তাড়াইল জানান যে, এ উপজেলার ২০২১-২০২২ অর্থ বছরে মৃত্যু জনিত কারণে ভাতাভোগী প্রতিস্থাপন কার্যক্রম সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের প্রেরিত তালিকা অনুযায়ী সম্পন্ন করা হয়েছে। ভিক্ষুক পুর্নবাসন কার্যক্রমের আওতায় স্থানীয় ভিক্ষুকদের উৎপাদনমুখী পেশায় পুর্নবাসনের প্রস্তাব করা হয়। তাছাড়া উপজেলা রোগী কল্যাণ সমিতির মাধ্যমে গরীব অসহায় রোগীদের ঔষধ প্রদান কার্যক্রম গতিশীলকরণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।	উপজেলার স্থানীয় ভিক্ষুকদের উৎপাদনমুখী পেশায় পুর্নবাসন কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রকৃত গরীব অসহায় রোগীদের ঔষধ প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।	১। উপজেলা সমাজসেবা অফিসার, ২। উপজেলা রোগী কল্যাণ সমিতি, তাড়াইল, কিশোরগঞ্জ

১৮. বন বিভাগ-

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, তাড়াইল
১৯. উপজেলা পরিসংখ্যান বিভাগ-		
কার্যপত্র প্রেরিত হয়নি।	কার্যপত্র প্রেরণ করতে হবে।	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তাড়াইল
২০. ইউ সি সি এ-		
বিআরডিবি বিল্ডিংটি আরসিসি পিলারের উপর স্থাপিত হওয়ায় উপজেলা পরিষদের পক্ষ থেকে বিল্ডিংটির নীচে মাটি ভরাট কার্যক্রম গ্রহণের জন্য সভায় আলোচনা হয়।	বিআরডিবি বিল্ডিংটির নীচে মাটি ভরাট কার্যক্রম গ্রহণ করতে হবে।	চেয়ারম্যান ইউ সি সি এ তাড়াইল, কিশোরগঞ্জ
২০. বিবিধ আলোচনা-		
ক) চেয়ারম্যান, দামিহা ইউনিয়ন পরিষদ বলেন, এ উপজেলা হাওর বেষ্টিত। তিনি বলেন, সরকারি বিভিন্ন অনুষ্ঠান (জাতীয় দিবস, খেলাধূলা, বিভিন্ন ধরনের সভা ও সমাবেশ এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন ইত্যাদি) আয়োজনের জন্য একটি উন্মুক্ত স্থান/উন্মুক্ত মাঠ তৈরি করা বর্তমান সময়ে জরুরি হয়ে পড়েছে। এ বিষয়ে সভায় উপজেলা পরিষদ মসজিদ সংলগ্ন অপরিত্যাক্ত পুকুরটি ভরাট করে উন্মুক্ত মাঠ হিসেবে ব্যবহারযোগ্য করার প্রস্তাব করা হয়। খ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাড়াইল বলেন, ১৪২৮ বঙ্গাব্দে হাট বাজার উন্নয়ন তহবিলের ১০% জমাকৃত অর্থ সংরক্ষিত বাজারে প্রাক্কলন মোতাবেক ছাড়করণের বিষয়টি সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। গ) সভায় বিভিন্ন ইউনিয়নের শূন্য পদে গ্রাম পুলিশ নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ঘ) উপজেলা পরিষদ কোয়ার্টার (৯-ঘ) মেরামত বাবদ ৭৫১৯/- টাকা, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের দুটি স্ট্যান্ড ফ্যান ক্রয় বাবদ ১৯৮০০/- টাকা, ল্যাপটপ মেরামত ১৫০৬০/- টাকা, এসি মেরামত ১৬০০০/- টাকা, আনসারদের ভবন নির্মাণ স্থান পরিষ্কার পরিচ্ছন্নতা ২০০০০/- টাকা এবং পরিষদ ভবনের বৈদ্যুতিক লাইন মেরামত ৫৬৫০/- টাকা ব্যয় হয়েছে। ঙ) জনস্বার্থে ও জনগুরুত্ব বিবেচনায় তথ্য, আপা, তাড়াইলকে উপজেলা মাসিক সভায় সদস্য হিসেবে কো-অপ্ট করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল বলেন, জনশুমারী চলছে। এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ জানান। ঈদুল ফিতর উপলক্ষে পশুর হাটগুলি প্রয়েজনীয় ব্যবস্থাপনায় আনার উপর গুরুত্বআরোপ করা হয়। তিনি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে মেডিকেল টিম গঠন করতে এবং সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে ধর্মীয় উত্তেজনার বিষয়ে সতর্ক থাকতে বলেন। তিনি আরো বলেন যে, তাড়াইল উপজেলার একমাত্র রাস্তাটিতে বড় ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে এবং যানযটমুক্ত রাখতে সমন্বিত উদ্যোগ নিতে তাড়াইল বাজার বণিক সমিতিকে অনুরোধ জানান।	ক) উপজেলা পরিষদ মসজিদ সংলগ্ন অপরিত্যাক্ত পুকুরটি ভরাট করে উন্মুক্ত মাঠ তৈরির বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করতে হবে। খ) সংরক্ষিত বাজারে প্রাক্কলন মোতাবেক অর্থ ছাড়করণের সিদ্ধান্ত গৃহীত হয়। গ) গ্রামপুলিশ নিয়োগ নীতিমালা অনুযায়ী দ্রুত সম্পন্ন করতে হবে। ঘ) উপজেলা পরিষদের বিভিন্ন খাতের ব্যয় বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঙ) তথ্য, আপা, তাড়াইলকে উপজেলা মাসিক সভায় সদস্য হিসেবে কো-অপ্ট করার	১. চেয়ারম্যান উপজেলা পরিষদ, তাড়াইল ২. উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল ৩. উপজেলা প্রকৌশলী, তাড়াইল ও ৪. ইউপিঃ চেয়ারম্যান (সকল), তাড়াইল, কিশোরগঞ্জ

সভাপতি বলেন, উপজেলা পরিষদ মসজিদের আয় বৃদ্ধির জন্য মসজিদ সংলগ্ন স্থানে মার্কেট নির্মাণ করা যায়। যানজট নিরসনে অটোগুলিকে একটি স্ট্যান্ডের আওতায় আনলে তাড়াইল বাজারের বি-শৃংখলা কমে আসবে। আসন্ন ঈদে সাধারণ জনগণ যাতে প্রতারণার স্বীকার না হয় অথবা প্রতারিত হলে সে বিষয়ে উপজেলা প্রশাসনকে অবহিত করতে ও সংশ্লিষ্ট সকলকে সর্তক থাকতে সভায় অনুরোধ জানান। উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ জহিরুল ইসলাম ভুঞা)
চেয়ারম্যান উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ
ও
সভাপতি
উপজেলা মাসিক সভা, তাড়াইল, কিশোরগঞ্জ

স্মারক নং: ০৫.৪১.৪৮৯২.০০০.০০.০০১.২১- ২৯৫(৪৫)   তারিখ: ১৬/০৬/২০২২ খ্রি.

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১. জনাব মোঃ মুজিবুল হক চুন্নু, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৩।
০২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ।
০৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ।
০৮. উপজেলা..কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ ও সদস্য, উপজেলা মাসিক সভা।
০৯. ইউপি চেয়ারম্যান (সকল), তাড়াইল, কিশোরগঞ্জ ও সদস্য উপজেলা মাসিক সভা।
১০. অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
তাড়াইল, কিশোরগঞ্জ
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ